Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 29 June, 2025

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর দিয়ে ভারতে পণ্য আমদানি ও রপ্তানি কার্যক্রম সম্পূর্ণরূপে স্থবির হয়ে পড়েছে।জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচির কারণে আজ রোববার (৩০ জুন) সকাল থেকে বন্দর দিয়ে কোনো রপ্তানি কিংবা আমদানি কার্যক্রম পরিচালিত হয়নি।

স্থল শুল্কস্টেশন সূত্রে জানা যায়, কর্মসূচির আওতায় গতকাল শনিবার থেকে পণ্য আমদানি ও রপ্তানির জন্য প্রয়োজনীয় কাগজপত্র, যেমন বিল অব এক্সপোর্ট ও বিল অব এন্ট্রি প্রস্তুত করতে পারছেন না ব্যবসায়ীরা।ফলে আমদানি-রপ্তানি কার্যক্রম বন্ধ রয়েছে।যদিও পূর্ব প্রস্তুতকৃত বিলের কারণে গতকাল সীমিত পরিমাণে ৩ কোটি টাকার পণ্য রপ্তানি হয়েছিল।

সূত্র আরও জানায়, ২১ জুন থেকে ২৬ জুন পর্যন্ত সময়ে আখাউড়া স্থলবন্দর দিয়ে প্রায় ৮ কোটি টাকার পণ্য ভারতে রপ্তানি হয়েছে।তবে একই সময়ে ভারত থেকে কোনো পণ্য আমদানি হয়নি, যা আমদানি বাণিজ্যের শ্লথ অবস্থা প্রতিফলিত করে।

বন্দরের রাজস্ব কর্মকর্তা জানান, শাটডাউন কর্মসূচি কেবল আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রমে প্রভাব ফেলেছে।যাত্রী পারাপার কার্যক্রম এই কর্মসূচির আওতার বাইরে থাকায় তা স্বাভাবিকভাবে চালু রয়েছে।অপরদিকে, আজ রোববার ভারতে সাপ্তাহিক ছুটি থাকায় স্বাভাবিকভাবেই বন্দরে রপ্তানি কম হয়।ফলে আজ পণ্যবাহী কোনো ট্রাক বন্দর এলাকায় প্রবেশ করেনি।

এই অচলাবস্থা স্থায়ী হলে ক্ষতিগ্রস্ত হতে পারেন পণ্য রপ্তানিকারক ও আমদানিকারক ব্যবসায়ীরা।তারা শঙ্কা প্রকাশ করছেন, রপ্তানির সময়সীমা পেরিয়ে গেলে ব্যবসায়িক ক্ষতির পাশাপাশি আন্তর্জাতিক বাজারে দেশের ভাবমূর্তিও ক্ষুণ্ন হতে পারে।

এনবিআরের ‘কমপ্লিট শাটডাউন’ কর্মসূচি কবে নাগাদ প্রত্যাহার হবে, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে এখনো কোনো আনুষ্ঠানিক ঘোষণা পাওয়া যায়নি।

স্থলবন্দর পণ্য রপ্তানি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 08:52

URL: https://www.timestodaybd.com/chittagong/3917775807